



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচী
মিরপুর-২, ঢাকা-১২১৬।

নম্বর : প্রাশিঅ/দা.পী./এসএফপি/বিবিধ-৪০৯/২০১৯/১০৪০

তারিখ: ০৭ জুন ২০২০
২২ জ্যৈষ্ঠ ১৪২৭

বিষয়: দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প কর্মসূচী শীর্ষক প্রকল্পের উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৮.০০.০০০০.০১২.১৪.০০৩.১৭.৯; তারিখঃ ২৮ এপ্রিল ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগের (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলার অংশ হিসেবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্পের আওতাধীন ১০৪টি উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে সরকার প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে মেনে বিশেষ ব্যবস্থাপনায় উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট শিক্ষার্থীদের বাড়ি বাড়ি পৌঁছে দিয়ে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সেই মোতাবেক মে/২০২০ মাসের প্রথম সপ্তাহে প্রকল্পভুক্ত উপজেলার সকল শিক্ষার্থীদের মাঝে মজুদ সাপেক্ষে এককালীন মাথাপিছু ২৫ থেকে ৫০ প্যাকেট (দুই মাসের জন্য) উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট বিতরণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিতরণ পরবর্তী কার্যক্রম পরিবীক্ষণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা ও বিশ্ব খাদ্য কর্মসূচী'র কর্মকর্তাগণ রিমোটলি এ কার্যক্রম পরিবীক্ষণের (Remote Monitoring) জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবেন।

৩। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রকল্প সমন্বয়কারী/ মনিটরিং ও রিপোর্টিং অফিসারকে সর্বাত্মক সহযোগিতা করার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

মোঃ রহুল আশ্রিন খান
প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

বিতরণ:

নির্বাহী পরিচালক/ পরিচালক,
রুরাল রিকনস্ট্রাকশন ফাউন্ডেশন(আরআরএফ)/ আরডিআরএস বাংলাদেশ/ ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন(ইএসডিও)/ ঢাকা
আহসানিয়া মিশন/ উত্তরণ/মানব মুক্তি সংস্থা(এমএমএস)/বিডিএসসি/প্রত্যাশা বাংলাদেশ/ জাগরনী চক্র ফাউন্ডেশন/মানসিকা/
সুশিলন/ইউএসটি/এসডিএস/কোষ্ট ট্রাস্ট/এফআইভিডিবি/রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার(রিক)/পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন
(পপি)/উন্নয়ন সংঘ/ড্যাফ-বাংলাদেশ/রিসুডা/এইচএফ/জাসিস।

অনুলিপি: (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ বিশ্বখাদ্য কর্মসূচী, ঢাকা।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,.....।
৫. উপজেলা নির্বাহী অফিসার,.....।
৬. উপজেলা শিক্ষা অফিসার,.....।
৭. সংরক্ষণ কপি।